

চীনা বাদাম

জাত :- জে, এল -২৪ , গিরনার , জ্যোতি, আই . সি . এস -৭৬

বীজ বোনার সময় :- জৈষ্ঠ্য - আষাঢ় , কার্তিক এবং মাঘ - ফাল্গুন মাসে।

বীজের পরিমাণ :- ১৬ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হাল্কা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

জমি তৈরী :- দুই তিন বার ভাল ভাবে চাষ দিয়ে মিহি করে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার -	৮০০ কেজি,
ইউরিয়া	-৭ কেজি,
সুপার ফসফেট	-৪০ কেজি,
পটাশ	-৫ কেজি

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকে সারি ৩০ সেমি, এবং বীজ থেকে বীজের দূরত্ব ১০ সেমিঃ বজায় রাখুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন। সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১০ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন। এই সময় গাছের গোড়ায় হালকা ভাবে মাটি ধরিয়ে দিন। ফুল আসার পর কোনভাবেই মাটিতে নিড়ানী দেওয়া চলবে না। বর্ষাতে জমিতে জল না জমার জন্য নিকাশের ব্যবস্থা আগে থেকেই করুন।

সময় কাল :- ১১০ - ১৩০ দিনের মধ্যে ফসল পরিপক্ব হয়ে যায়।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ২০০ - ৩০০ কেজি।